গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
আইসিটি শাখা
www.moulvibazar.gov.bd

# জুন/২০২৫ মাসের মৌলভীবাজার জেলা ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী


| | |
|---|---|
| সভাপতি | মেহনাজ ফেরদৌস<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) |
| সভার তারিখ | **২২ জুন ২০২৫খ্রি:** |
| সভার সময় | **সকাল ১১.৩০ ঘটিকা** |
| স্থান | সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য |

সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সভায় জানানো হয় যে, গত সভাটি ০৬ মে ২০২৫ খ্রি. অনুষ্ঠিত হয়েছিল । সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **১. উদ্ভাবনী প্রস্তাব প্রেরণ:**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মৌলভীবাজার জানান আলোচ্য মাসে নতুন কোন উদ্ভাবনী প্রস্তাব পাওয়া যায়নি। | স্ব স্ব দপ্তরের সরকারি সেবা দান পদ্ধতি সহজ করার জন্য ডিজিটাল পদ্ধতি উদ্ভাবন করে প্রস্তাব প্রেরণের জন্য সকল দপ্তরের প্রধান-কে অনুরোধ জানান। | স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধান, উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ০২ | **২. ইনোভেশন টিমের কার্যক্রমের প্রচার:**<br>ইনোভেশন টিমের কার্যক্রম জেলার সকল কলেজ ও বিদ্যালয়ের শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের মধ্যে ছড়িয়ে দেয়া প্রয়োজন মর্মে মত প্রকাশ করা হয়। | বিস্তারিত আলোচনান্তে জেলার সকল বিদ্যালয়ে ইনোভেশন আইডিয়া ছড়িয়ে দেয়ার নিমিত্ত শিক্ষার্থীদের উদ্ভাবনী সংস্কৃতির সাথে সম্পৃক্ত করার লক্ষ্যে নিম্নলিখিত শিক্ষা প্রতিষ্ঠানে সভা/কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়:<br>১) দি ফ্লাওয়ার্স কেজি এন্ড হাইস্কুল, মৌলভীবাজার।<br>২)আলী আমজাদ বালিকা উচ্চ বিদ্যালয়, মৌলভীবাজার। | সহকারী কমিশনার (আইসিটি), মৌলভীবাজার<br>ও<br>সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **৩. ইনোভেশন টিমের কার্যপরিধি:**<br>ক) স্ব-স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন।<br>খ) এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন ।<br>গ) নিয়মিত টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপনা।<br>ঘ) মন্ত্রণালয়/বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন।<br>ঙ) জেলার সকল কার্যালয়ের সিটিজেন চার্টার হালনাগাদের বিষয়ে গুরুত্বারোপ করা হয় এবং জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজারের সিটিজেন চার্টারের সাথে জেলার সকল দপ্তরের সিটিজেন চার্টার হাইপারলিংক করার বিষয়ে আলোচনা করা হয়। দ্রুততম সময়ের মধ্যে বিষয়টি বাস্তবায়নের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | প্রত্যেক দপ্তরের কার্যক্রম আরো গতিশীল এবং সময়োপযোগী করার বিষয়ে সকলের দৃষ্টি আর্কষণ করা হয়।<br>প্রতি মাসে সভা আয়োজন মন্ত্রণালয়/বিভাগ /জেলা/উপজেলা পর্যায়ে গঠিত ইনোভেশন টিমের সাথে সমন্বয় সাধন, বিগত বছরের প্রতিবেদন প্রকাশ এবং আগামী বছরের জন্য একটি কর্মপরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জেলা প্রশাসন, মৌলভীবাজার এর সিটিজেন চার্টার নিয়মিত আপডেটকরণ এবং জেলা প্রশাসন, মৌলভীবাজার এর সিটিজেন চার্টারের সাথে জেলার সকল দপ্তরের সিটিজেন চার্টার অতি দ্রুততম সময়ের মধ্যে হাইপারলিংক করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ইনোভেশন টিম, মৌলভীবাজার<br>দপ্তর প্রধান (সকল) মৌলভীবাজার<br>প্রোগ্রামর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার |
| ০৪ | **৪. ওয়েব পোর্টাল সংক্রান্ত কার্যপরিধি:**<br>ক) অধিক্ষেত্রভুক্ত দপ্তরসমূহের ওয়েব পোর্টাল সমৃদ্ধ করার লক্ষ্যে উপর্যুক্ত কন্টেন্ট সংগ্রহের ব্যবস্থা গ্রহণ;<br>খ) পোর্টালে আপলোডকৃত তথ্যের বস্তুনিষ্ঠতা যাচাই এবং পোর্টালে ছবি ও তথ্যের প্রাসঙ্গিকতা পরীক্ষণ;<br>গ) প্রয়োজনীয় তথ্য প্রযুক্তি সামগ্রী সংগ্রহ, দ্রুতগতির ইন্টারনেট সংযোগের ব্যবস্থা গ্রহণ, রক্ষণাবেক্ষণ এবং মাসিক ব্যয় নির্বাহকরণ;<br>ঘ) ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণ।<br>ঙ) ওয়েব পোর্টালের প্রচার এবং টেকসই করার লক্ষ্যে কার্যকর ভূমিকা পালন। | অধিক্ষেত্রভুক্ত দপ্তরসমূহের ওয়েব পোর্টাল সমৃদ্ধ করার লক্ষ্যে উপযুক্ত কন্টেন্ট সংগ্রহ, তথ্যের বস্তুনিষ্ঠতা যাচাই, ছবি ও তথ্যের প্রাসঙ্গিকতা পরীক্ষণসহ পোর্টাল হালনাগাদের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | জেলা ইনোভেশন টিম মৌলভীবাজার |
| ০৫ | **৫. ডি-নথির ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত কার্যপরিধি:**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মৌলভীবাজার জানান যে, অত্র কার্যালয়ের সকল শাখায় এবং সকল উপজেলা নির্বাহী অফিস ও সকল সহকারী কমিশনার (ভূমি) অফিসসমূহে ডি-নথি চালু আছে। জেলার অন্যান্য যে সকল দপ্তরে ডি-নথি এখনো চালু হয়নি সেসকল অফিসে দ্রুততম সময়ে ডি-নথি চালুর বিষয়ে আলোচনা করা হয়। | জেলার যেসকল দপ্তরে অদ্যাবধি ডি-নথি ব্যবহার শূরু হয়নি সেসকল দপ্তরে ডি-নথির ব্যবহার দ্রুততম সময়ে চালুকরণের বিষয়ে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) মৌলভীবাজার<br>প্রোগ্রামর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার |
| ০৬ | **৬. মাইগভ অ্যাপ চালুকরণ সংক্রান্ত:**<br>জনগণের দোরগোড়ায় সরকারি সেবাসমূহ সহজে পৌঁছে দিতে মাইগভ অ্যাপের সঠিক ব্যবহার বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা করা হয়। মাইগভ অ্যাপের মাধ্যমে সরকারি প্রায় ৩০টি সেবা প্রদান করা সম্ভব। প্রাথমিক পর্যায়ে ১২টি সেবা চালুসহ মাইগভ অ্যাপের ব্যবহার দ্রুততম সময়ে বৃদ্ধিকরণ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | মাইগভ অ্যাপের মাধ্যমে জনগণের সেবা সহজীকরণ এবং মাইগভ অ্যাপ সেবা সম্পর্কে জনগণকে অবহিতকরণের বিষয়ে বহুল প্রচার-প্রচারণাকরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | দপ্তর প্রধান (সকল) মৌলভীবাজার<br>প্রোগ্রামর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।




২৯-০৬-২০২৫
মেহনাজ ফেরদৌস
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
০২৯৯৬৬৮২৬৫১ (ফোন)
adceduictmoulvibazar@mopa.gov.bd

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৫.৪৬.৫৮০০.০০০.০২৬.৩৭.০০০১.২৫.২৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। বিভাগীয় কমিশনার, সিলেট।
২। দপ্তর প্রধান (সকল), মৌলভীবাজার।
৩। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার।
৫। নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, মৌলভীবাজার।
৬। জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার।
৭। জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার।
৮। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মৌলভীবাজার।
৯। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মৌলভীবাজার।
১০। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অফিস কপি, ।



২৯-০৬-২০২৫
মেহনাজ ফেরদৌস
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)